

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)-তে জাপানিজ ভাষা প্রশিক্ষণ -এর উদ্বোধন

আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০১৭ উপলক্ষ্যে ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে ১৭ ডিসেম্বর সকাল-০৯.৪৫ ঘটিকায় জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র (বিএমইটি) ব্যবস্থাপনায় জাপানিজ ভাষা প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার এনডিসি। অভিভাসনে পিছিয়ে থাকা জেলাসমূহ থেকে ২২টি জেলার ২২ জন প্রশিক্ষণার্থীকে নিয়ে জাপানি ভাষার এই প্রশিক্ষণ কার্যক্রম চালু করা হয়। উদ্বোধনকালে সচিব জাপানি ভাষা শেখার পাশাপাশি সে দেশের কৃষ্টি কালচার সম্পর্কেও ধারণা নেওয়ার উপর গুরুত্ব আরোপ করেন। বিদেশে কর্মসংস্থানের ক্ষেত্রে কর্মের দক্ষতার পাশাপাশি সেই দেশের ভাষা এবং সংস্কৃতি সম্পর্কে জানা আবশ্যিক। তিনি আরও বলেন, জাপানে টেকনিক্যাল ইন্টার্ন কর্মী প্রেরণে এই জাপানিজ ভাষা শিক্ষা কোর্স গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

উদ্বোধনকালে উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মোঃ আমিনুল ইসলাম, অতিরিক্ত সচিব (কল্যাণ ও মিশন) মোহাম্মদ আজহারুল হক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, বোয়েসেলের ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চন্দ্রবর্তীসহ মন্ত্রণালয় ও বিএমইটি'র কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।

টেকসই উন্নয়ন অর্জন লক্ষ্যমাত্রা অর্জনে অভিভাসনে পিছিয়ে থাকা জেলাসমূহকে সম্পৃক্ত করে যে কার্যক্রম মন্ত্রণালয় ও এর দপ্তর/সংস্থা গ্রহণ করেছে জাপানিজ ভাষা প্রশিক্ষণ কোর্স তার মধ্যে একটি। অভিভাসনে পিছিয়ে থাকা জেলাসমূহের তরণ-তরণীদের প্রশিক্ষিত ও দক্ষ করার যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে জাপানিজ ভাষা প্রশিক্ষণ কোর্স সেক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। পরবর্তীতে অভিভাসনে পিছিয়ে থাকা বাকী জেলাসমূহের তরণ-তরণীদেরকেও জাপানিজ ভাষা প্রশিক্ষণ কোর্সের আওতায় আনা হবে।



